

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

website: www.janatabank-bd.com

ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট

ফোন: ৯৫৬৫৩৮৫, ৯৫৫১৭২৬

প্রচার বিজ্ঞপ্তি নং-২৬২/২০১৭

তারিখঃ ০৪ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

২০ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ- জনাব মোঃ আবুল কাশেম ভূঁইয়া, সাপোর্ট স্টাফ(এসসিপি-২১৬), জনতা ব্যাংক লিমিটেড, শ্রীরামপুর বাজার শাখা, নরসিংদী এর দুরারোগ্য ব্যাধি লিভার সিরোসিস এর চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্তে ব্যাংকের সর্বস্তরের নিবাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মানবিক কারণে আর্থিক সহায়তা প্রদানের আহবান জানিয়ে এক দিনের লাঞ্চ সাবসিডি প্রদান প্রসংগে।


মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নিবাহী/কর্মকর্তা/কর্মচারীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক লিমিটেড, শ্রীরামপুর বাজার শাখা, নরসিংদী এর জনাব মোঃ আবুল কাশেম ভূঁইয়া, সাপোর্ট স্টাফ(এসসিপি-২১৬) দীর্ঘদিন যাবৎ দুরারোগ্য ব্যাধি লিভার সিরোসিস রোগে আক্রান্ত হয়ে গুরুতর অসুস্থতায় ভুগিতেছে। ইতোমধ্যে তিনি ১৩/০৫/২০১৭ হতে ২৮/০৫/২০১৭ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে ভর্তি থেকে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষাসহ চিকিৎসা সম্পাদন করেন। কিন্তু বর্তমানে তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি হওয়ায় বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ অনুযায়ী জরুরী ভিত্তিতে অপারেশন করতে হবে যা বাংলাদেশে করা সম্ভব নয়। ভারত বা সিঙ্গাপুর গিয়ে অপারেশন করতে আনুমানিক ৫০-৬০ লক্ষ টাকা খরচ হবে। অত্যন্ত ব্যয়বহুল এ চিকিৎসা ব্যয় নির্বাহ করা তাঁর নিজের ও পরিবারের আত্মীয় স্বজনদের আর্থিক ক্ষমতার বাইরে। ফলে তিনি জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নিবাহী/কর্মকর্তা/ কর্মচারীগণের নিকট হতে আর্থিক সাহায্যের আবেদন করেন।

এরূপ সংকটময় পরিস্থিতিতে ব্যাংকের বিপুল সংখ্যক সহকর্মীদের মানবিক সাহায্যের দ্বারা উন্নত চিকিৎসায় বেঁচে যেতে পারে একজন সহকর্মীর জীবন।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের সর্বস্তরের নিবাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে স্বেচ্ছায় এক দিনের লাঞ্চ সাবসিডি অথবা সম্ভব হলে তার চেয়ে বেশী পরিমাণ আর্থিক সাহায্য তাঁর সঞ্চয়ী হিসাব নং-০১০০০৩৮১০৯৯৪, নাম- মোঃ আবুল কাশেম ভূঁইয়া, জনতা ব্যাংক লিমিটেড, শ্রীরামপুর বাজার শাখা, নরসিংদী এর মাধ্যমে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত


শাহ মোঃ আসাদ উদ্দাহ
উপ-মহাব্যবস্থাপক


মো: সাজেদুর রহমান
মহাব্যবস্থাপক